# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 30-03-2024

## *Time: 19:45-19:55 Hrs*

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর আজ রাষ্ট্রপতি ভবণে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে এ বছরের ভারত রত্ন পুরস্কার প্রদান ।

২) রাজ্যে প্রথম পর্যায়ের নির্বাচনে ৩৫ জন প্রার্থীর প্রতিদ্বন্দিতা নিশ্চিত ।

৩) আসন্ন লোকসভা নির্বাচনের জন্য ভারতীয় জনতা পার্টীর ইস্তাহার সমিতি ঘোষণা । সমিতিতে সদস্য হিসেবে আসামের মুখ্যমন্ত্রীর নাম ।

এবং

৪) আসন্ন লোকসভা নির্বাচনে ১০০ শতাংশ ভোটদান নিশ্চিতকরণের লক্ষ্যে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েলের সঙ্গে আজ আসাম রাজ্য নগর জীবিকা অভিযান এবং আসাম রাজ্য গ্রামীন জীবিকা অভিযানের দুটি সমঝোতা চুক্তি সাক্ষরিত ।

*****************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবণে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে এ বছরের ভারত রত্ন পুরস্কার প্রদান করেছেন । প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং এবং পি ভি নরসিংহ রাও সহ মুখ্যমন্ত্রী কর্পুরী ঠাকুর এবং প্রখ্যাত বিজ্ঞানী এম এস স্বামীনাথনকে মরণোত্তরভাবে ভারতরত্ন পুরস্কার প্রদান করা হয়েছে । অনুষ্ঠানে সব সম্মানপ্রাপকদের পরিবারের লোক ভারতরত্ন পুরস্কার গ্রহণ করেন । আজকের অনুষ্ঠানে উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় , প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদী , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ডক্টর এস জয় শংকর ছাড়াও বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার এবং কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে উপস্থিত ছিলেন । প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী তথা বি জে-পির প্রবীন নেতা লাল কৃষ্ণ আডবানীকে রাষ্ট্রপতি আগামীকাল আনুষ্ঠানিকভাবে দেশের সর্বোচ্চ সম্মান ভারতরত্ন প্রদান করবেন ।

**********************************************************************

রাজ্যে প্রথম পর্যায়ের  লোকসভা নির্বাচনের জন্য মনোনয়নপত্র প্রত্যাহারের আজ শেষ দিনে যোরহাট লোকসভা আসনের একজন প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার করেছেন ।এরফলে আসন্ন নির্বাচনে ৩৫ জন প্রার্থীর প্রতিদ্বন্দিতা নিশ্চিত হয়েছে ।

উল্লেখ্য এই পর্যায়ে যোরহাট , লখিমপুর ,ডিব্রুগড় ,শোণিতপুর ও কাজিরাঙ্গায় ভোটগ্রহণ করা হবে । বিজেপি ৫ টি আসনের সবকটিতে প্রতিদ্বন্দিতা করবে । কংগ্রেস ৪ টি আসনে প্রার্থী দিয়েছে এবং ডিব্রুগড়ে অসম জাতীয় পরিষদের প্রার্থী রয়েছে ।

**********************************************************************

আসন্ন নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে বিভিন্ন রাজনৈতিক দল তাদের নিজ নিজ প্রার্থীর সমর্থনে প্রচার অভিযান অব্যাহত রেখেছে । আজ কেন্দ্রীয় মন্ত্রী তথা ডিব্রুগড় লোকসভা আসনের বি জে পি প্রার্থী সর্বানন্দ সনোয়াল তিনসুকীয়া জেলা সফর করে বেশ কয়েকটি কার্যসূচিতে অংশ গ্রহণ করেন । এদিকে , কাজিরাঙ্গা লোকসভা আসনের অধীন বিভিন্ন স্থানে বি জে পি মিত্র জোটের প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসা এবং কংগ্রেস প্রার্থী রোজলীনা তির্কী ব্যাপক প্রচার কার্যসূচি চালান । বি জে পি প্রার্থী বোকাঘাট আসনের বিভিন্ন অঞ্চলে প্রচার চালানোর বিপরিতে কংগ্রেস প্রার্থী মেরাপানী , জামুগুরি এবং গোলাঘাটের বিভিন্ন স্থানে প্রচার কার্যসূচিতে অংশ গ্রহণ করেন । শিবসাগর আসনের বিধায়ক অখিল গগৈ আজ যোরহাট লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী গৌরব গগৈর পক্ষে প্রচার চালান । এদিকে , দরং , ওদালগুরি লোকসভা আসনে হাগ্রামা মহিলারী নেতৃত্বাধীন বি পি এফ দল ব্যাপক প্রাচার কার্যসূচিতে অংশ গ্রহণ করে ।

*****************************************************************

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা লোকসভা নির্বাচনের পর রাজ্যে সার্বজনীন দেওয়ানী বিধি বলবৎ করা হবে বলে ঘোষণা করেছেন । গতকাল গৌহাটিতে রাজ্য বি জে পি কার্যালয়ে নির্বাচনী অগ্রগতি সম্পর্কে দলের শীর্ষ নেতাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হওয়ার পর সাংবাদিকদের সঙ্গে কথাবার্তা বলার সময় মুখ্যমন্ত্রী এ কথা জানান । ডক্টর শর্মা রাজ্যে বহু বিবাহ প্রথা বন্ধ করার ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও মত প্রকাশ করেন । প্রসঙ্গত মুখ্যমন্ত্রী আসন্ন লোকসভা নির্বাচনে আসামে এন ডি এ ভাল ফল করবে বলেও আশা প্রকাশ করেন ।

*****************************************************************

আসন্ন লোকসভা নির্বাচনের জন্য ভারতীয় জনতা পার্টী ইস্তাহার সমিতি ঘোষণা করেছে । দলের প্রবীন নেতা রাজনাথ সিং-কে ২৭ সদস্য বিশিষ্ট এই সমিতির অধ্যক্য হিসেবে মনোনীত করা হয়েছে । বি জে পি-র জাতীয় সভাপতি জে পি নাড্ডা আজ এই সমিতি গঠন করার কথা ঘোষণা করেছেন । এই সমিতিতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণকে আহ্বায়ক এবং কেন্দ্রীয় মন্ত্রী পীযুষ গোয়েলকে সহকরী আহ্বায়ক হিসেবে ঘোষণা করা হয়েছে । সমিতিতে আসামের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মাকে সদস্য হিসেবে অর্ন্তভুক্ত করা হয়েছে ।

*****************************************************************

ত্রিপুরার দুটি লোকসভা আসনের জন্য প্রথম পর্যায়ে আগামী ১৯ এপ্রিল অনুষ্ঠেয় নির্বাচনে মোট ৯ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । ওই দুটি আসনে আজ মনোনোয়নপত্র প্রত্যাহারের শেষ দিন পর্যন্ত কোন প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার না করায় মোট ৯ জন প্রার্থীই প্রতিদ্বন্দিতায় রয়েছেন বলে জানানো হয়েছে । উল্লেখ্য যে এই ৯ জন প্রার্থীর মধ্যে ভারতীয় জনতা পার্টীর বিপ্লব দেব এবং কংগ্রেস প্রার্থী আশিষ কুমার শাহাও রয়েছেন । পশ্চিম ত্রিপুরার নির্বাচন পর্যবেক্ষক ডক্টর ভি কুমার জানিয়েছেন যে অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্ণ নির্বাচন সম্পন্ন করার উদ্দেশ্যে ইতিমধ্যেই পশ্চিম ত্রিপুরায় সি আর পি এফ-

এর ১৪টি কোম্পানী মোতায়ন করা হয়েছে এবং আজকের মধ্যেই আরো ১৪টি কোম্পানী আগরতলায় এসে পৌছবে বলে আশা করা হচ্ছে ।

*****************************************************************

এদিকে মিজোরামের ১টি লোকসভা আসনে আগামী ১৯ এপ্রিল অনুষ্ঠেয় প্রথম পর্যায়ের নির্বাচনের জন্য মোট ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন বলে জানানো হয়েছে । মনোনয়নপত্র প্রত্যাহারের আজ শেষ দিনে কোন প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার না করায় এই ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় অবতীর্ণ হবেন । এই নির্বাচনে জেড পি এম রিচার্ড ভানলালকে , বি জে পি ভানলাল মোয়াকাকে এবং কংগ্রেস লালবিয়াক জামাকে প্রার্থী হিসেবে মনোনীত করেছে ।

*****************************************************************

আসন্ন লোকসভা নির্বাচনে ১০০ শতাংশ ভোটদান নিশ্চিতকরণের লক্ষ্যে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েলের সঙ্গে আজ আসাম রাজ্য নগর জীবিকা অভিযান এবং আসাম রাজ্য গ্রামীন জীবিকা অভিযানের দুটি সমঝোতা চুক্তি সাক্ষরিত হয় । শ্রী গোয়েল আসাম রাজ্য নগর জীবিকা অভিযান এবং আসাম রাজ্য গ্রামীন জীবিকা অভিযানের সংশ্লিষ্ট আধিকারিকদের আসামের সব ভোটারদের ভোটদান নিশ্চিত করার জন্য অধিক সক্রিয়ভাবে কাজ করার আহ্বান জানান । চুক্তি অনুসারে এই দুই অভিযানের সঙ্গে যুক্ত কর্মীরা ভোটারদের ভোটদান নিশ্চিত করার ক্ষেত্রে সচেতনতা সৃষ্টির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে । গ্রাম পঞ্চায়েত কার্যালয় , সমবায় সমিতি কার্যালয় ইত্যাদিতে হেল্প ডেস্কের মাধ্যমে আত্মসহায়ক গোষ্ঠীর সদস্যরা সারথী দিদি নামে ভোটার সচেতনতা এবং ভোটাধিকার নিশ্চিত করার ক্ষেত্রে সহযোগিতা করবে । ব্লক এবং গ্রামগুলির ৮৫ বছর উর্দ্ধ সহ দিব্যাঙ্গদের তালিকা প্রস্তুত করে সারথি দিদিরা প্রশাসন কার্যালয়ে সবার ভোটাধিকার নিশ্চিত করার কাজে সহায়তা করবে । একই ভাবে সারথি দিদিরা ১শো শতাংশ ভোটাধিকার নিশ্চিত করতে ভোটদাতাদের মধ্যে নীতি-নির্দেশিকা , হেন্ডবুক , লিফলেট ইত্যাদি বিতরণ করবে ।

*****************************************************************

যাত্রীদের অতিরিক্ত ভীড় হ্রাস করার জন উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে আগামী জুন মাস পর্যন্ত কয়েকটি বিশেষ রেল পরিষেবা অব্যাহত রাখার সিদ্ধান্ত নিয়েছে।

এই অনুসারে ০২৫০২ আগরতলা - কলকাতা স্পেশাল ট্রেন আগামী তেসড়া এপ্রিল থেকে ২৬ জুন পর্যন্ত সপ্তাহের প্রত্যেক বৃহষ্পতিবার ১৩টি ট্রিপের জন্য চলাচল করবে । ফেরৎ যাত্রার সময় ট্রেন নম্বর ০২৫০১ কলকাতা - আগরতলা স্পেশাল সাত এপ্রিল থেকে ৩০ জুন পর্যন্ত সপ্তাহের প্রত্যেক শুক্রবার চলাচল করবে ।

ট্রেন নম্বর ০৫৬৩৯ শিলচর - কলকাতা স্পেশাল আগামী চৌঠা এপ্রিল থেকে ২৭ জুন পর্যন্ত সপ্তাহের প্রত্যেক বৃহষ্পতিবার শিলচর থেকে কলকাতার উদ্দেশ্যে যাত্রা করবে । ফেরৎ যাত্রার সময় ট্রেন নম্বর ০৫৬৪০ কোলকাতা - শিলচর স্পেশাল ৫ এপ্রিল থেকে ২৮ জুন পর্যন্ত সপ্তাহের প্রত্যেক শুক্রবার কলকাতা থেকে শিলচরের উদ্দেশ্যে রওয়ানা দেবে ।

ট্রেন নম্বর ০২৫১৮ গৌহাটি - কলকাতা স্পেশাল আগামী ৬ এপ্রিল থেকে ২৯ জুন পর্যন্ত প্রত্যেক শনিবার গৌহাটি থেকে কলকাতার উদ্দেশ্যে যাত্রা করবে , অনুরূপভাবে ফেরৎ যাত্রার সময় ট্রেন নম্বর ০২৫১৭ কলকাতা গৌহাটি স্পেশাল চৌঠা এপ্রিল থেকে ২৭ জুন পর্যন্ত প্রত্যেক বৃহষ্পতিবার কলকাতা থেকে গৌহাটির উদ্দেশ্যে রওয়ানা দেবে ।

*******************************************************************

১১৩ হাফলং লোকসভা আসনের ব্যয় পর্যবেক্ষক শঙ্করলাল ভার্মা আজ ডিমা হাসাও জেলা পরিদর্শন করেন । তিনি ২০২৪ সালের আসন্ন লোকসভা নির্বাচন পর্যালোচনা এবং আলোচনা করতে জেলা নির্বাচন কার্যালয়ের বিভিন্ন সেলের আধিকারিকদের সঙ্গে মত বিনিময় করেন । জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত মত বিনিময় সভার পর বিভিন্ন সেলের প্রস্তুতি নিয়ে তিনি সন্তোষ ব্যাক্ত করেন ।

পরিদর্শন কালে ব্যয় পর্যবেক্ষক নির্বাচনী ব্যয় মণিটরিং সেলের টিমের সঙ্গে একটি প্রাথমিক পর্যালোচনাও করেন ।

*******************************************************************

আসন্ন লোকসভা নির্বাচন অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে দুষ্কৃতকারীদের দ্বারা অপহরণ এবং বেআইনী কার্যকলাপ রোধে কাছাড়ের জেলা মেজিষ্ট্রেট ১৪৪ ধরার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন ।

এই অনুসারে অবিলম্বে যান বাহণে যদি কোন ব্যাক্তি কালো গ্লসি পেপের অথবা পর্দা ব্যবহার করে থাকেন তবে তা খুলে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে । তবে সরকারী যানবাহণ এবং সরকারী কোন প্রবীন আধিকারকের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না বলে জানানো হয়েছে ।

*******************************************************************

সাত নম্বর করিমগঞ্জ লোকসভা কেন্দ্রের অধীন হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রে অবাধ ,নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে নির্বাচন নিশ্চিত করতে প্রতিদিনের ভিত্তিতে ডিউটি রোস্টারের গোপন অনুলিপি অনুসারে নাকা চেক পোস্টের অবস্থানের স্থান পরিদর্শন করার জন্য এবং এস এস টি ও এফ এস টির গতিবিধি পরিদর্শন করার জন্য জেলার চারটি রাজস্ব চক্রের চক্র আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে । গতকাল হাইলাকান্দি জেলা আয়ুক্তের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় ব্যয় পর্যবেক্ষকের নির্দেশ অনুসারে এম এম সি এন্ড ই ভি এম সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক তথা অতিরিক্ত আয়ুক্ত জেলার আলগাপুর ,হাইলাকান্দি , লালা ও কাটলীছড়ার চক্র আধিকারিকদের নিয়মিত এস এস টি ও এফ এস টি দলের গতিবিধি পরিদর্শন করার  পাশাপাশি পৃথক পদক্ষেপের জন্য এম এম সি সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিককে অবগত করানোর এক নির্দেশ দিয়েছেন ।

*******************************************************************

করিমগঞ্জ শহরের শিলচর রোডে ৪ কিলোমিটার অংশে সড়ক প্রশস্ত করার জন্য ওই সড়ক দিয়ে যানবাহন চলাচলের ক্ষেত্রে যে নিষেধাজ্ঞা জারী করা হয়েছিলো তা প্রত্যাহার করা হয়েছে ।করিমগঞ্জ শহরের দায়িত্বপ্রাপ্ত এ ডি সি জানিয়েছেন যে গত ১৪ ফেব্রুয়ারি   শিলচর রোডে ৪ কিলোমিটার অংশে সড়ক প্রশস্ত করার জন্য করিমগঞ্জের জেলা আয়ুক্ত ও রিজিওনাল ট্রান্সপোর্ট অথরিটির চেয়ারম্যান ১৯৮৮ সালের যানবাহন আইনের ১১৫ ধারার অধীনে এক আদেশে ওই সড়ক দিয়ে যানবাহন চলাচলে সংশোধিত যানবাহন চলাচল

বিধি জারি করেছিলেন তা ওই সড়কের কাজ সম্পূর্ণ হবার পরিপ্রেক্ষিতে প্রত্যাহার করা হয়েছে । এখন থেকে ওই সড়কে সবধরণের যানবাহন স্বাভাবিকভাবে চলাচল করতে পারবে বলে জানানো হয়েছে ।

*****************************************************************

হাইলাকান্দি জেলা প্রশাসন  এবং জাতীয় তথ্যবিজ্ঞান কেন্দ্রের যৌথ প্রচেষ্টায় ভোটগ্রহণ সম্পর্কীত তথ্য জানতে প্রশিক্ষণ নামের এন্ডরয়েড মোবাইল এপ্লিকেশন তৈরী করা হয়েছে । এই অ্যাপটির নির্মাতা ডিস্ট্রিক্ট ইনফোরমেটিক্স অফিসার মনসুর আখতার বড়ভূঁইয়া জানান যে এর সহায়তায় ভোটগ্রহণ সম্পর্কীত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ ও পরীক্ষা দেওয়া সম্ভব হবে । এছাড়াও এই অ্যাপটির মধ্যে প্রয়োজনীয় ভি ডি ও লেকচার ,পি ডি এফ হ্যান্ডবুক পাওয়া যাবে যা সেক্টর বা জোনাল অফিসার ,মাইক্রো অবজারভার সহ অন্যান্য ভোটকর্মীদের ভোটগ্রহণ প্রক্রিয়ায় দক্ষতা বৃদ্ধি করতে সহায়তা করবে ।

*****************************************************************

ভারতীয় আবহবিজ্ঞান বিভাগ সূত্রে জানানো হয়েছে যে আগামী ২৪ ঘন্টায় আসাম সহ অরুণাচল প্রদেশ এবং মেঘালয়ের বিভিন্ন অংশে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । তবে পরবর্তী দুদিনে আবহাওয়ার সামান্য পরিবর্তন হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানানো হয়েছে ।

*****************************************************************

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সহযোগীতায় হাইলাকান্দি জেলা তাইকোয়ান্ডো এসোসিয়েশন আয়োজিত আন্তঃজেলা তাইকোয়ান্ডো প্রতিযোগীতা আজ থেকে আরম্ভ হয়েছে । স্থানীয় ইন্ডোর স্টেডিয়াম প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত এই প্রতিযোগীতায় জেলার লালা ,কাটলীছড়া ,আলগাপুর এবং পাঁচগ্রাম অঞ্চল থেকে মোট ৩০০ জন বিভিন্ন বয়সের খেলোয়াড় অংশগ্রহণ করেন । হাইলাকান্দি পৌরসভার পুরপতি কল্যাণ গোস্বামী আজ সকাল ১০ টায় এই প্রতিযোগীতার উদ্বোধন করেন ।আর্ন্তজাতিক তাইকোয়ান্ডো রেফারি স্বপন দেবের তত্বাবধানে এই প্রতিযোগীতা অনুষ্ঠিত হয় ।

*****************************************************************